

# হাসপাতালে থাকবেন ?

## আপনার সবুজ ব্যাগ নিতে ভুলবেন না!


আপনি নিয়মিত ওষুধ সেবন করলে সেসব নিরাপদে, সহজে পাওয়া যায় এমন জায়গায় রাখলে ভালো হয়।

আপনি কি জানেন এখন আপনার সব ওষুধপত্র রাখার জন্য বিনামূল্যে একটা সবুজ ব্যাগ পেতে পারেন?

শুধু তাই না, আপনার যদি হাসপাতালে যেতে হয় তাহলে আপনার সবুজ ব্যাগ সঙ্গে নিয়ে যেতে পারেন, এর ফলে আপনি যা যা ওষুধ নিচ্ছেন সে ব্যাপারে হাসপাতালের কর্মচারীরা জানতে পারবে।

এর মানে, হাসপাতালে থাকাকালীন আপনি :

- স্বাভাবিকভাবে আপনার ওষুধপত্র নেওয়া বজায় রাখতে পারবেন
- সঠিকভাবে আপনাকে ওষুধ দেওয়া হবে (ঠিক সময়ে ঠিক ওষুধ)
- নিরাপদে নতুন ওষুধ নিতে পারবেন।



অ্যাম্বুলেন্স এবং হাসপাতালের ফার্মাসিতে এই সবুজ ব্যাগ পাওয়া যায়।

আপনার ব্যাগ চেয়ে নিতে ভুলবেন না।

ব্যাগে কি কি ওষুধ রাখা উচিত?

- ট্যাবলেট ও ক্যাপসুল
- তরল ওষুধ
- ক্রিম ও মলম
- ইনহেলার
- GTN স্প্রে/অ্যাঞ্জাইনার ট্যাবলেট
- প্যাচ
- ইনজেকশন
- অন্য যেসব ওষুধ বা স্যাপ্লিমেন্ট (সম্পূরক) আপনি ফার্মাসিস্ট (ওষুধের দোকান), সুপারমার্কেট বা হার্বালিস্টের (ভেষজ চিকিৎসক) কাছ থেকে নিয়ে ব্যবহার করছেন।

